মেহেরপুরের আমঝুপি বালিকা বিদ্যালয়ে জিপিএ-৫ পাওয়া ১৫ মেধাবী শিক্ষার্থীকে সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এসএসসি পরীক্ষা-২০২৬ জিপিএ-৫ পাওয়া ১৫ জন মেধাবী শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। আমঝুপি শিশু-কিশোর সংগঠনের আয়োজনে এবং সিটি ব্যাংক আমঝুপি আউটলেট এজেন্টের সহযোগিতায় এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ বৃহস্পতিবার (১ অক্টোবর) সকাল ১১টায় বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের মেহেরপুর জেলা প্রতিনিধি হাসিবুর জামান স্বপন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

সভাপতির বক্তব্যে হাসিবুর জামান স্বপন বলেন, “এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ অর্জন তোমাদের জীবনের একটি গুরুত্বপূর্ণ সাফল্য। সময়ের সঠিক ব্যবহার, নিয়মিত অধ্যয়ন, শৃঙ্খলা ও নৈতিক মূল্যবোধকে সঙ্গে নিয়ে এগিয়ে যেতে হবে। তোমাদের মেধা ও যোগ্যতাকে কাজে লাগিয়ে ভবিষ্যতে দেশ ও মানুষের কল্যাণে অবদান রাখবে এটাই আমাদের প্রত্যাশা।”

শিশু-কিশোর সংগঠনের প্রধান উপদেষ্টা ও মোহনা টিভির জেলা প্রতিনিধি আসাদুজ্জামান লিটনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি ব্যাংক কুষ্টিয়া শাখার ম্যানেজার শাহ আলম মোল্লা ও বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোহাম্মদ হাফিজুজ্জামান।

অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, স্টার নিউজের ব্যুরো প্রধান মো রাশেদুজ্জামান, আমঝুপি শিশু-কিশোর সংগঠনের সভাপতি মোস্তাক আহমেদ মিলন, প্রচার সম্পাদক ও জেলা জিয়া সাইবার ফোর্স (ZCF)-এর আহ্বায়ক আশিক রেজা, প্রচার সম্পাদক সেলিম রেজা, জেলা হিউম্যান রাইটস কেন্দ্রীয় কমিটির পরিচালক এম এ মুহিত, হিউম্যান রাইটসের সাধারণ সম্পাদক দিলারা পারভীনসহ বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক, শিক্ষার্থীবৃন্দ ।

আয়োজকরা জানান, মেধাবী শিক্ষার্থীদের উৎসাহিত করা এবং তাদের ভবিষ্যৎ শিক্ষাজীবনে আরও ভালো করার অনুপ্রেরণা জোগাতেই এ আয়োজন।

কুষ্টিয়ায় বেগম হামিদা সিদ্দিক স্কুল অ্যান্ড কলেজে মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান

কুষ্টিয়া সদর উপজেলার বড়ীয়ায় বেগম হামিদা সিদ্দিক স্কুল অ্যান্ড কলেজে এসএসসি ২০২৪ এর কৃতি ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে দি নার্গিস এন্ড মান্নান মেরিট স্কলারশিপ এর উদ্যোগে শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৩ মে) সকাল ১১টায় কলেজ অডিটোরিয়ামে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন সিদ্দিক ফাউন্ডেশনের দাতা সদস্য ডা: আবু তালেব সিদ্দিক।

কলেজ পরিচালনা পরিষদের প্রতিষ্ঠাতা সদস্য ও সিদ্দিক ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জামিল আহমেদ সিদ্দিকের সভাপতিত্বে এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিদ্দিক ফাউন্ডেশনের দাতা সদস্য জাকিয়া সিদ্দিক, সিদ্দিক ফাউন্ডেশনের উপদেষ্ঠা ও জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির সাবেক মহাপরিচালক ড. আখতারুজ্জামন, কলেজের অধ্যক্ষ শরিফুল ইসলাম, কুষ্টিয়া সরকারি কলেজের ইসলামি ইতিহাস ও সংস্কৃতি বিভাগের বিভাগীয় প্রধান ড. নবীনূর রহমান খান, বেগম হামিদা সিদ্দিক স্কুল অ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক রোকেয়া খাতুন, স্কুল শাখার সিনিয়র শিক্ষক নজরুল ইসলাম, কলেজ শাখার সিনিয়র লেকচারার ডিএম সামিউল হক খান পাঠান।

বক্তারা বলেন, মেধাবী শিক্ষার্থীদের দিকে বিশেষভাবে নজর দিতে হবে আমাদের। মাদকের করাল গ্রাস থেকে আমাদের ছেলেমেয়েরা যেন নষ্ট না

হয়ে যায়, তা আমাদের সবাইকে লক্ষ্য রাখতে হবে। কারণ মাদক সমাজের বিভিন্ন স্তরে ছড়িয়ে পড়ছে। এটাকে প্রতিহত করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষা, ক্রীড়া বিনোদনের কোনো বিকল্প নেই। তাই আমাদের ছেলে মেয়েদের সুশিক্ষিত করতে হবে। তাহলেই এগিয়ে যাবে বাংলাদেশ।

বক্তারা আরও বলেন, সিদ্দিক ফাউন্ডেশন না হলে এই জনপদে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠতো না। এখান থেকে শিক্ষা বঞ্চিত হতে হতো অনেককে। সিদ্দিক ফাউন্ডেশনের দাতা সদস্যরা আমেরিকা থেকেও দেখভাল করছে। এখানে বিএম এবং জেনারেল কলেজ রয়েছে এসএসসি পাশ করে এখানেই ভর্তি হয়ে পড়ালেখা করবে শিক্ষার্থীরা। লেখাপড়া শিখে মানুষের মত মানুষ হয়ে উঠতে শিক্ষার্থীদের বিকল্প নেই বলেও জানান তারা।

বক্তারা মেধাবী শিক্ষার্থীদের এ জনপদের শ্রেষ্ঠ সন্তান কামরুল ইসলাম সিদ্দিক এর পদাংক অনুসরণ করে এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

আলোচনা সভা শেষে নার্গিস অ্যান্ড মান্নান মেরিট স্কলারশিপের উদ্যোগে ১০ জন জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী শিক্ষার্থীদের হাতে সম্মাননা স্মারক ক্রেস্ট ও শিক্ষা বৃত্তির অর্থ তুলে দেওয়া হয়। এবং অর্থনৈতিকভাবে দুর্বল কিন্তু ভালো ফলাফল করেছে সপ্তম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ১৮ জন শিক্ষার্থীর হাতেও শিক্ষা বৃত্তির নগদ অর্থ তুলে দেওয়া হয়।

উল্লেখ্য, স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের (এলজিইডি) প্রতিষ্ঠাতা ও প্রধান প্রকৌশলী মরহুম কামরুল ইসলাম সিদ্দিক প্রান্তিক জনগোষ্ঠীকে শিক্ষিত করে গড়ে তুলতে ১৯৯৫ সালে বড়ীয়ায় মায়ের নামে এই স্কুল অ্যান্ড কলেজ প্রতিষ্ঠা করেছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে শিক্ষার্থী দের মাঝে বাইসাইকেল

ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ ও হ্যান্ড মাইক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার দুপুর ১.৩০ মিনিটের সময় কাথুলী ইউনিয়ন পরিষদের মিলনায়তন কক্ষে ২০২১-২২ অর্থ বছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় মেধাবী শিক্ষার্থী দের মাঝে বাইসাইকেল কুতৃবপুর স্কুল এন্ড কলেজ-এ আইপিএস ও ল্যাপটপ,ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ, প্রিন্টার ও হ্যান্ড মাইক বিতরণ কার্যক্রম অনুস্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সরোয়ার হোসেন (ডি এফ এল জি এস পি-৩) মেহেরপুর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান।

কুতুবপুর স্কুল এন্ড কলেজের অধ্যাক্ষ (ভারপ্রাপ্ত) হাফিজুল ইসলাম। উপস্থিত ছিলেন ইউপি সদস্য আশরাফুল ইসলাম, ইউ পি সদস্য বাবলু হোসেন,হুসাইন মাহমুদ,ইউপি সদস্য আজমাইন হোসেন,মহিলা ইউপি সদস্য ঝর্না বেগম,আরিফা খাতুন,ফরিদা খাতুন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি বর্গ উপস্থিত ছিলেন।